

উপজেলা পরিষদ
গজারিয়া, মুন্সীগঞ্জ।

গজারিয়া উপজেলা পরিষদের জুন, ২০২২ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী

সভাপতি	ঃ আমিরুল ইসলাম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গজারিয়া, মুন্সীগঞ্জ।
সভার স্থান	ঃ উপজেলা পরিষদ সভা কক্ষ।
সভার তারিখ ও সময়	ঃ ০৯ জুন, ২০২২ খ্রি. সকাল ১১.০০ ঘটিকা।
উপস্থিত সদস্যবৃন্দ	ঃ হাজিরা রেজিস্টার দ্রষ্টব্য।



সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতি উপজেলা পরিষদের মূখ্য নির্বাহী কর্মকর্তা হিসেবে উপজেলা নির্বাহী অফিসারকে সভা পরিচালনা করার জন্য অনুরোধ জানান। সভায় আলোচ্যসূচি ও কার্যপত্র অনুযায়ী বিষয়ভিত্তিক বিস্তারিত আলোচনা করা হয় এবং নিম্নরূপ সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গ্রহণ করা হয়।

ক্র: নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১	আলোচ্যসূচি-১ : গত সভার কার্যবিবরণী পাঠ ও দৃষ্টিকরণ। উপজেলা নির্বাহী অফিসার মে, ২০২২ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন। কোন সংশোধনী না থাকলে তিনি সভাকে কার্যবিবরণী দৃষ্টিকরণের জন্য অনুরোধ করেন।	গজারিয়া উপজেলা পরিষদের মে, ২০২২ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতভাবে দৃষ্টিকরণ করা হয়।	-
২	আলোচ্যসূচি-২ : বিগত সভার সিদ্ধান্ত সমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা। (ক) উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ২০২১-২০২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় পশ্চিম মিরেরগাওঁ টিন সেড মসজিদ হতে হাবিব মেম্বারের বাড়ী পর্যন্ত রাস্তা উন্নয়ন কাজটি দরপত্র আহবান করে ৬,৬৬,২৭৭/- টাকায় কার্যাদেশ প্রদান কর হয়। কাজ বাস্তবায়ন কালে দেখা যায় যে, রাস্তাটির দৈর্ঘ্য পরিবর্তন করা প্রয়োজন। রাস্তাটির চুক্তিমূল্য এর মধ্যে সমন্বয় করে দৈর্ঘ্য পরিবর্তন করে প্রাক্কলন প্রস্তুত করা হয়। রিকাস্ট প্রাক্কলনটি উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করা হলো। এছাড়া উপজেলা পরিষদের প্রশাসনিক ভবনের ছাদে সেড নির্মাণ বাবদ ৪,০৯,১১৪/- টাকার বিল দাখিল করা হয়েছে। যা পরিশোধ করার জন্য অনুরোধ করেন। এবং ফুলদী নদীর পূর্ব পার্শ্ব গেজেটেড কোয়াটারে এনএসআইদের থাকার জন্য দুইটি কক্ষ মেরামত বাবদ ৪০,০০০/- টাকা বিল দাখিল করা হয়েছে। যা উপজেলা পরিষদ হতে পরিশোধ করার জন্য অনুরোধ করেন। এছাড়া তিনি আরো বলেন যে, বর্তমান অর্থ বছরের এডিবি'র অর্থ দ্বারা চর বাউশিয়া হতে টেংগারচর চর বাউশিয়া বড় মিয়া বাড়ী কবরস্থান পর্যন্ত রাস্তা উন্নয়ন এর কাজটি সভায় অনুমোদন পেলে করা যেতে পারে বলে সভায় প্রস্তাব করেন।	উপজেলা প্রকৌশলী কর্তৃক উপস্থাপিত ২০২১-২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় পশ্চিম মিরেরগাওঁ টিন সেড মসজিদ হতে হাবিব মেম্বারের বাড়ী পর্যন্ত রাস্তা উন্নয়ন কাজটি রিকাস্ট প্রাক্কলনটি অনুমোদন করা হলো। উপজেলা পরিষদের প্রশাসনিক ভবনের ছাদে সেড নির্মাণ বাবদ ৪,০৯,১১৪/- টাকা বিলটি পরিশোধ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুমোদন করা হলো। উপজেলা গেজেটেড কোয়াটারের ০২ টি কক্ষ মেরামত বাবদ ৪০,০০০/- টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধ করার জন্য অনুমোদন করা হলো। এডিবি'র বর্তমান অর্থ বছর দ্বারা চর বাউশিয়া হতে টেংগারচর চর বাউশিয়া বড় মিয়া বাড়ী কবরস্থান পর্যন্ত রাস্তা উন্নয়নের কাজটি করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হলো।	উপজেলা প্রকৌশলী

<p>(খ) উপজেলা কৃষি কর্মকর্তা সভায় বলেন যে, হোসেন্দী ইউনিয়নে লক্ষরদী মৌজায় কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, গজারিয়া, মুসীগঞ্জের নামে ১১ শতাংশ জমি আছে। যা নামজারি করা হয়েছে। উক্ত জমির সীমানা নির্ধারণ এবং দখলের ব্যাপারে উপজেলা পরিষদ এবং উপজেলা প্রশাসনের সহযোগিতা কামনা করেন। উক্ত ১১ শতাংশ জমির পার্শ্ব সীমানা নির্ধারণ না করেই হোসেন্দী ইউনিয়নের টিটু নামে এক ব্যক্তি ১১ ফুট রাস্তা করছেন যা অনাকাঙ্ক্ষিত। উক্ত বিষয়ে উপজেলা পরিষদের মাধ্যমে সহকারী কমিশনার ভূমি মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করছি। এছাড়া তিনি আরো বলেন যে, সমন্বিত ব্যবস্থাপনার মাধ্যমে কৃষি যান্ত্রিকীকরণ প্রকল্পের আওতায় ৫০% ভর্তুকীতে গজারিয়া উপজেলায় পাওয়ার ত্রেসার ০১ টি, সিডার এবং বেড প্রাস্টার ২ টি এবং ০১ টি পাওয়ার স্প্রেয়ার বিতরণ করা হয়েছে। এছাড়া ০৩ টি পাওয়ার টিলারের বরাদ্দ পাওয়া গিয়েছে যা বিতরণের কার্যক্রম চলমান আছে।</p>	<p>উপজেলা কৃষি অফিসারের বক্তব্যের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়।</p>	<p>উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা কৃষি কর্মকর্তা</p>
<p>(গ) উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা সভায় বলেন যে, কিছু দিন পূর্বে তিনি সহ আরো কয়েকজন এ জাইকার একটি প্রশিক্ষণ কর্মশালায় অংশগ্রহণ করেন। সেখানে তারা বার্ষিক পরিকল্পনা প্রনয়ন ও প্রতিটি উপজেলার স্থায়ী কমিটির উপর বেশি গুরুত্বারূপ করেন বলে সভাকে জানান। তাই স্ব স্ব বিভাগের স্থায়ী কমিটির সভা গুলো করার জন্য সভায় অনুরোধ করেন। তাছাড়া সামনে কোরবানীর হাট। গজারিয়াতে পর্যাপ্ত পরিমাণ গরু রয়েছে বলেও সভাকে অবগত করেন। গরুর খামার গুলোতে পর্যাপ্ত পরিমাণ গরু থাকায় গজারিয়ার মানুষ এবার কোরবানীর ঈদটা সুন্দরভাবে করতে পারবে বলেও সভাকে জানান।</p>	<p>এ মাসের মধ্যে স্ব স্ব বিভাগ কে তাদের স্থায়ী কমিটির সভা গুলো শেষ করার জন্য অনুরোধ করা হয়। এবং প্রতিটি বিভাগের স্থায়ী কমিটির সভার নোটিশসহ কার্যবিবরণীর একটি কপি উপজেলা পরিষদ কে দিয়ে অবগত করার জন্য সংশ্লিষ্ট বিভাগ কে অনুরোধ করা হয়।</p>	<p>সংশ্লিষ্ট বিভাগ</p>
<p>(ঘ) উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী সভায় বলেন যে জনস্বাস্থ্য প্রকৌশলী অফিস হতে উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনে, উপজেলা সাব-রেজিষ্টার অফিসে, উপজেলা পরিষদের কেন্দ্রীয় মসজিদে, এবং উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স হাসপাতাল এ ০৪ টি সাব-মার্সিবল আর্সেনিকমুক্ত টিউবওয়েল স্থাপন করা হয়। উক্ত টিউবওয়েল ০৪ টি স্থাপন করিতে সরকারি কোষাগারে ৪০,০০০/- টাকা জমা প্রদান করা প্রয়োজন। যা উপজেলা পরিষদ হতে পরিশোধ করার জন্য অনুরোধ করেন।</p>	<p>০৪ টি সাব মার্সিবল টিউবওয়েল এর ৪০,০০০/- টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধ করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হলো।</p>	<p>উপজেলা প্রকৌশলী</p>
<p>(ঙ) উপজেলা পরিসংখ্যান প্রতিনিধি আঃ বাতেন, শুমারী সমন্বয়কারী সভায় বলেন যে, আগামী ১৫ জুন হতে ২১ জুন ২০২২ তারিখ পর্যন্ত ডিজিটাল পদ্ধতিতে সারা দেশব্যাপী জনশুমারী ও গৃহগননা- ২০২২ কার্যক্রম পরিচালিত হবে। সে উপলক্ষে গত ২৩/০৫/২০২২ খ্রি. তারিখ উপজেলা নির্বাহী অফিসারের সভাপতিতে ৩২ সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়। যার সভাপতি হলেন উপজেলা নির্বাহী অফিসার। এ উপলক্ষে জনশুমারী ও গৃহগননা ২০২২ সুষ্ঠুভাবে বাস্তবায়নের নিমিত্তে মাঠ পর্যায়ে নিয়োজিত শুমারী কর্মীকে সার্বিক সহায়তা প্রদানের লক্ষ্যে গজারিয়া উপজেলার সকল অফিসারবৃন্দ, আইন শৃঙ্খলা বাহিনী, ও সকল জনপ্রতিনিধিবৃন্দকে দেখভাল করার অনুরোধ করেন। উল্লেখ যে, গননাকারী যেন কোন খানা বাদ না দেয় ও কোন খানা যেন ডাবল গননা না করে মর্মে বিষয়টি সকলের দৃষ্টি গোচর করা হয়। এ ব্যাপারে মাননীয় প্রধানমন্ত্রী</p>	<p>জনশুমারী ও গৃহগননা ২০২২ কার্যক্রম সঠিক ভাবে পালন করার লক্ষ্যে সকলকে যার যার জায়গায় থেকে সহযোগিতা করার জন্য অনুরোধ করা হয়।</p>	<p>উপজেলা পরিসংখ্যান/সংশ্লিষ্ট সকল</p>

<p>জাতির উদ্দেশ্যে আগামী ১৫ ই জুন ভাষন প্রদান করবেন বলেও সভাকে জানান।</p>		
<p>(চ) উপজেলা নির্বাচন কর্মকর্তা সভায় বলেন যে, সারা দেশের ন্যায় গজারিয়া উপজেলাতে ভোটার তালিকা হালনাগাদ কার্যক্রম ২০২২ চলমান রয়েছে। এ ব্যাপারে গজারিয়াতে ব্যাপকভাবে প্রচারনার ব্যবস্থা হয়েছে। ০২ মে হতে ০৯ মে পর্যন্ত বাড়ি বাড়ি গিয়ে তথ্য সংগ্রহ করা হয়েছে। এবং ছবি তোলায় জন্য প্রতিটি ইউনিয়নের জন্য আলাদা আলাদা করে তারিখ নির্ধারণ করা হয়েছে। কেউ যদি তাদের ইউনিয়নে ভোটার হতে না পারে তাদের ভোটার হওয়ার জন্য উপজেলায় তারিখ নির্ধারণ করে ০১ দিন সময় করে জানিয়ে দেওয়া হবে। এবং সেই দিন বাদ পড়া ব্যক্তির ভোটার হতে পারবেন বলেও সভাকে জানান। এ প্রসঙ্গে চেয়ারম্যান উপজেলা পরিষদ সভায় বলেন যে, যারা তথ্য সংগ্রহে ফিল্ড পর্যায়ে কাজ করে তারা সঠিক ভাবে তথ্য সংগ্রহ না করায় পরবর্তীতে আইডিকার্ড গুলোতে অনেক ভুল লিপিবদ্ধ হয়ে থাকে বলে সভাকে জানান। তাই এ ব্যাপারে লক্ষ্য রাখার জন্য সংশ্লিষ্টদের কে অনুরোধ করেন।</p>	<p>প্রতিটা ঘরে ঘরে গিয়ে যাতে তথ্য সংগ্রহ করে থাকে সেই দিকে লক্ষ্য রাখবেন। যাতে কোন ভাবে একটি ঘরও বাদ না পড়ে।</p>	<p>উপজেলা নির্বাচন কর্মকর্তা</p>
<p>(ছ) উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, এসএসসি, এসএসসি (ভোকেশনাল), দাখিল পরীক্ষা-২০২২ আগামী ১৯ জুন অনুষ্ঠিত হবে। তিনি পরীক্ষা সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পন্ন করার জন্য সকলের সহযোগিতা কামনা করেন। তিনি গজারিয়া উপজেলায় অস্বচ্ছল মেধাবীদের উপজেলা পরিষদ থেকে বরাদ্দকৃত অর্থ আগামী ২৩ জুন বিতরণ করা হবে বলে সভাকে অবহিত করেন। এছাড়া গজারিয়া উপজেলায় বঙ্গবন্ধু এবং বঙ্গমাতা অনুর্ধ্ব ফুটবল টিম গঠনের জন্য ইউনিয়ন ভিত্তিক মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানে উপজেলা পরিষদের তহবিল থেকে ১০ লক্ষ টাকা আর্থিক বরাদ্দ প্রদানের জন্য অনুরোধ করেন। গজারিয়ায় শিক্ষা কার্যক্রম গতিশীল ও ফলপ্রসূ করার জন্য তিনি উপজেলা পরিষদের ফান্ড থেকে শিক্ষা প্রতিষ্ঠানে মাল্টিমিডিয়া প্রদানের জন্য অনুরোধ করেন। শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের আওতায় যে সকল ভবন নির্মাধীন তা দ্রুত সম্পন্ন করার জন্য তিনি অনুরোধ জানান। তিনি আরো বলেন যে, শিক্ষা প্রকৌশলের আওতায় নির্মিতব্য ভবন সমূহের কাজ খুবই ধরি গতির, ফলে ভৌত কাঠামোর অভাবে শিক্ষা প্রতিষ্ঠানে পাঠদান ব্যাহত হচ্ছে। তিনি বাংলাদেশ স্কাউট গজারিয়া শাখা, বাংলাদেশ গার্লস গাইড গজারিয়া শাখার কার্যক্রম গতিশীল করার জন্য প্রত্যেক প্রতিষ্ঠানের অনুকূলে ১ লক্ষ টাকা করে ২ লক্ষ টাকা আর্থিক সহযোগিতা প্রদানের জন্য অনুরোধ করেন।</p>	<p>প্রস্তাব মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গ্রহন করা হয়।</p> <p>স্কাউট এবং গার্লস গাইডের জন্য ৫০,০০০/- টাকা করে ১,০০,০০০/- টাকা সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হলো।</p>	<p>উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা</p>

<p>(জ) উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় বলেন যে, মাতৃত্বকালীন ভাতাটি প্রায় ২ বছর যাবৎ বন্ধ রয়েছে। যা এখন মা ও শিশু কল্যান তহবিল নামে নতুন করে নামকরণ করা হয়েছে। আগামী জুলাই/২২ থেকে প্রতি মাসে ২৫ জনের নাম এন্ট্রি করতে পারবে। যে কেউ চাইলে সরাসরি আবেদন না করেও অন-লাইনে আবেদন করতে পারবে। এবং তা অন-লাইনেই যাচাই-বাছাই করার সুযোগ রয়েছে বলেও সভাকে জানান। এ ব্যাপারে প্রতিটি ইউনিয়ন পরিষদ এ চেয়ারম্যান/ মেম্বার ও স্থানীয় গন্যমান্য ব্যক্তিদের কে নিয়ে একটি অবহিতকরণ সভা করা হবে বলেও সভাকে জানান।</p>	<p>এ ব্যাপারে ব্যাপকভাবে প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে অনুরোধ করা হয়।</p>	<p>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা</p>
<p>(ঝ) ডাঃ ইসফাত জাহান, আবাসিক মেডিকেল অফিসার সভায় জানান যে, গত জুলাই মাস থেকে এ পর্যন্ত গজারিয়া স্বাস্থ্য কমপ্লেক্স হাসপাতালে ১ম ডোজ করোনা টিকা নিয়েছে ১,৭০,৮৫৬ জন, ২য় ডোজ টিকা নিয়েছে ১,৪৫,৩৯২ জন, বোস্টার ডোজ টিকা নিয়েছে ১৭,৭৭১ জন। এছাড়া তার দাপ্তরিক অন্যান্য কার্যক্রম ভালোভাবে চলছে বলে সভাকে জানান। চেয়ারম্যান, উপজেলা পরিষদ বলেন যে, গজারিয়াতে যেখানে সেখানে ডায়াগনস্টিক সেন্টার গড়ে উঠছে। এ ব্যাপারে তাদের বিরুদ্ধে হাসপাতাল কর্তৃপক্ষ কি ব্যবস্থা নিয়েছেন তা জানতে চান। তারা হয়তো সকলেই তাদের প্রতিষ্ঠানের নামে জেলা সিভিল সার্জন অফিস থেকে নিবন্ধন করে নিয়ে এসেছে। তবে যারা নিবন্ধন গুলো করে নিয়ে এসেছে তারা কি তা পাওয়ার উপযুক্ত কিনা এ বিষয়ে দেখার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অনুরোধ করেন।</p>	<p>যত্রতত্র ভাবে গড়ে উঠা ডায়াগনস্টিক সেন্টার গুলোতে পরিদর্শন করে তাদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অনুরোধ করা হয়।</p>	<p>উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা</p>
<p>(ঞ) উপজেলা ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি সভায় বলেন যে, উপজেলা পরিষদের ২০২০-২০২১ অর্থ বছরের বিলসহ ২০২১-২০২২ অর্থ বছরের বিদ্যুৎ বিল বাবদ ৮,৭৪,৭৭৬/- টাকা বকেয়া রয়েছে। যা পরিশোধ করার জন্য সভায় অনুরোধ করেন। এছাড়া অন্যান্য বিভাগের বকেয়া বিদ্যুৎ বিলগুলো পরিশোধ করার জন্য সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তাদের কে অনুরোধ করেন।</p>	<p>উপজেলা পরিষদের ২০২০-২০২১ ও ২০২১-২০২২ অর্থ বছরের বকেয়া বিদ্যুৎ বিল বাবদ ৮,৭৪,৭৭৬/- টাকা উপজেলা পরিষদে রাজস্ব তহবিল হতে পরিশোধ করার জন্য সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হলো। সংশ্লিষ্ট সকল বিভাগকে তাদের বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধ করার জন্য অনুরোধ করা হলো।</p>	<p>উপজেলা নির্বাহী অফিসার/ সংশ্লিষ্ট বিভাগ</p>
<p>(ট) জনাব রুপা আক্তার, উপজেলা ইউডিএফ সভায় জানান যে, ২০১৯-২০২০ অর্থ বৎসরের উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় টেংগারচর রাজিয়া কাদের এ,এইচ স্কুল নির্মাণ কাজের ১২,৮২,৬৩৭/- টাকা মেসার্স এমএস এন্টারপ্রাইজ ঠিকাদার কর্তৃক বিল দাখিল করা হয়েছে। উক্ত বিলটি উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করা হলো।</p>	<p>উপজেলা ইউডিএফ কর্তৃক উপস্থাপিত টেংগারচর রাজিয়া কাদের এ,এইচ স্কুল নির্মাণ কাজের ১২,৮২,৬৩৭/- টাকা মেসার্স এমএস এন্টারপ্রাইজ কর্তৃক দাখিলকৃত বিলটি পরিশোধের পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুমোদন করা হলো।</p>	<p>উপজেলা প্রকৌশলী</p>
<p>(ঠ) মোহাম্মদ আরেফিন, সভাপতি, গজারিয়া প্রেসক্লাব, সভায় বলেন যে, যেখানে গজারিয়া উপজেলা শতভাগ বিদ্যুতায়িত উপজেলা সেখানে সামান্য বৃষ্টি হলেই বিদ্যুৎ লাইন বন্ধ করে দেওয়া হয়। যা খুবই দুঃজনক। গজারিয়ার কিছু ইন্ডাস্ট্রিগুলোর কারনে নদীসহ মাছ বিলীন হয়ে যাচ্ছে। সাধারণ জনগনের জায়গা জমি আতুসাৎ করে নিয়ে যাচ্ছে বলেও সভাকে জানান।</p>	<p>প্রস্তাব মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়।</p>	<p></p>

<p>(ড) জনাব ইঞ্জিনিয়ার সাহিদ মোঃ লিটন, চেয়ারম্যান, ভবেরচর ইউনিয়ন পরিষদ সভায় বলেন যে, তার ইউনিয়নে অবস্থিত পলি ক্যাবল ইন্ডাস্ট্রিজ ও মেঘনাম স্টীল এর অধ্যুষিত ধোয়ার কারণে জনগন অতিষ্ট হয়ে পড়েছে। এ ব্যাপারে পদক্ষেপ না নেওয়া হলে তার ইউনিয়নের জনগনকে সাথে নিয়ে তাদের বিরুদ্ধে মানবন্ধন করবো না স্মারকলিপি দেওয়া হবে বলে সভাকে জানান। তাছাড়া আনারপুরা রাস্তা ও ড্রেন এর বিষয়ে ২ বছর যাবৎ বলা হচ্ছে কিন্তু তার পরেও কোন কাজ হচ্ছে না। যদি উপজেলা থেকে করে দিতে না পারেন তাহলে ইউনিয়ন পরিষদ থেকে করে দিবে বলেও সভাকে জানান। ডায়গনস্টিক সেন্টারগুলোর যাতে সঠিকভাবে পরিচালনা করা হয় সে বিষয়ে দেখার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অনুরোধ করেন। হাসপাতালের গত ১ সপ্তাহ আগের ভিডিও ফুটেজগুলো দেখে তার আশে পাশে থাকা দালালদের চিহ্নিত করে তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার জন্য অনুরোধ করেন। এছাড়া তিনি আরো বলেন যে, লক্ষীপুরা দক্ষিন পাড়া রাস্তায় অল্প বৃষ্টি হলেই পানির জমে থাকার কারণে জনগনের দুর্ভোগের সৃষ্টি হয়ে থাকে। এমনকি মানুষের বসতবাড়িতে পানি উঠে যায়। ফলে উক্ত রাস্তায় দ্রুত ড্রেন নির্মাণের পদক্ষেপ গ্রহণ করার জন্য সভায় অনুরোধ করেন। তাছাড়া আলীপুরা মসজিদ হতে পৈক্ষারপাড় মোড় পর্যন্ত পাকা রাস্তাটি অতি বৃষ্টির কারণে ভেঙ্গে গিয়েছে। এবং পৈক্ষারপাড় মোড় হতে ব্রীজ পর্যন্ত দুপার্শ্বে অতি বৃষ্টির কারণে রাস্তা ভেঙ্গে গেছে। ভেঙ্গে যাওয়া রাস্তা দুইটি অতি দ্রুত মেরামত করে দেওয়ার জন্য অনুরোধ করেন। তিনি আরো বলেন যে, তার ইউনিয়ন পরিষদ এ একটু বৃষ্টি হলেই পানি পড়ে সরকারি জরুরী কাগজপত্র সহ ভিজিডি মাসিক চাউল ও অফিস সরঞ্জামাদীসহ অন্যান্য আসবাবপত্র নষ্ট হয়ে যাচ্ছে। একটু খানি বৃষ্টি হলেই অফিসে বসা অনুপযোগী হয়ে পড়ে। তাই এ বিষয়ে দ্রুততার সহিত ব্যবস্থা গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অনুরোধ করেন। এবং নতুন ইউনিয়ন পরিষদ ভবন নির্মাণের ব্যবস্থা গ্রহণ করার জন্য সভাকে অনুরোধ করেন।</p>	<p>ভবেরচর ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান এর প্রস্তাব মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।</p>	
<p>(ঢ) জনাব মোঃ মিজানুর রহমান প্রধান, চেয়ারম্যান, বাউশিয়া ইউনিয়ন পরিষদ সভায় বলেন যে, গোমতী সেতুর পাশে শহীদ নজরুলের কবরটি অবস্থিত। সেই কবরের পাশে একটি মসজিদ রয়েছে। নতুন করে যখন গোমতী ব্রীজটি নির্মান করার সময় সেখানকার রাস্তাটি বন্ধ করে দেওয়া হয়। ব্রীজ এর কাজ শেষ হলে রাস্তাটি খোলে দেওয়া হবে বলে পূর্বে প্রতিশ্রুতি দেওয়া হয়েছিল। কিন্তু ব্রীজ এর কাজ শেষ হয়ে যাওয়ার পরেও অদ্যবধি পর্যন্ত রাস্তাটি খোলে দেওয়া হয়নি। তাই এ বিষয়ে দেখার জন্য অনুরোধ করেন। চর বাউশিয়া মৌজায় কিছু কোম্পানী বাড়ি ঘর উচ্ছেদ এর চেষ্টা চালাচ্ছে বলেও সভাকে জানান। এছাড়া মেঘনাম স্টীল এর কালো ধোয়ায় তার ইউনিয়নের মানুষ অতিষ্ট হয়ে যাচ্ছে। এ বিষয়টি ও গুরুত্ব সহকারে দেখার জন্য অনুরোধ করেন।</p>	<p>বাউশিয়া ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান এর প্রস্তাব মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।</p>	
<p>(ণ) জনাব শহীদুজ্জামান জুয়েল, চেয়ারম্যান, বালুয়াকান্দি ইউনিয়ন পরিষদ সভায় বলেন যে, জামালদী হতে হোসেন্দীর রাস্তাটির জামালদী অংশের দুপার্শ্বে এলোপাতাড়িভাবে গাড়ী</p>	<p>বালুয়াকান্দি স্কুলটির নতুন ভবনের বিষয়ে ঠিকাদারকে ডেকে দ্রুত ভবনের কাজ সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা</p>	<p>উপজেলা প্রকৌশলী/উপজেলা মাধ্যমিক শিক্ষা</p>





<p>পাকিং করে রেখে রাখা বন্ধ করে রাখে। ফলে প্রায়ই দুর্ঘটনা ঘটে থাকে। তার ইউনিয়নে প্রতিটি শিল্প প্রতিষ্ঠানে ট্যাক্স আদায়ের জন্য পত্র দেওয়া হয়েছে বলে সভাকে জানান। বালুয়াকান্দি আঃ গফফার স্কুলটির নতুন ভবনের কাজ কবে নাগাদ শেষ হবে তাও জানতে চান। কেননা তার ভিতরে অনেক নেশাখুঁ ছেলেরা গাজা, ইয়াবা সহ বিভিন্ন প্রকারের মাদক সেবন করে থাকে বলেও সভাকে জানান। এ প্রসঙ্গে চেয়ারম্যান উপজেলা পরিষদ সভায় বলেন যে, এ ব্যাপারে আগেও কয়েকবার বলা হয়েছে উপজেলা প্রকৌশলীকে। এ ব্যাপারে পত্র দিয়ে ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী কে অনুরোধ করা হয়ে। তাছাড়া ইউপি চেয়ারম্যান আরো বলেন যে, বর্তমানে স্কুলের পরিবেশটা খুবই খারাপ অবস্থা হয়ে পড়েছে। ছাত্ররা ঠিকমত শিক্ষকদের কথা শুনে না। তাই এ বিষয়ে উপজেলা চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার সহ সংশ্লিষ্ট সকলকে স্কুলটিতে পরিদর্শনে যাওয়ার জন্য অনুরোধ করেন।</p>	<p>গ্রহণ করার জন্য উপজেলা প্রকৌশলী কে অনুরোধ করা হয়।</p> <p>শিক্ষার্থীদের বিষয়ে যে পদক্ষেপ নিলে তাদের কে সচেতন করা সম্ভব বলে মনে হয় তা দেখার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা কে অনুরোধ করা হয়।</p>	<p>কর্মকর্তা</p>
<p>(ত) জনাব হাফিজুজ্জামান খান জিতু, চেয়ারম্যান, ইমামপুর ইউনিয়ন পরিষদ সভায় বলেন যে, হোসেন্দী ইউপি চেয়ারম্যান হাজী আক্তার হোসেন এর মৃত্যুতে শোক প্রকাশ করেন। তাকে যেন আল্লাহ বেহেশত বাসী করেন সেই কামনা করেন।</p>		
<p>(থ) খাদিজা আক্তার, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় জানান যে, হোসেন্দী ইউপি চেয়ারম্যান এর মৃত্যুতে শোক প্রস্তাব করেন। গজারিয়াতে ০২ টি প্রাথমিক বিদ্যালয় কে মুক্তিযোদ্ধা বিষয়ক সম্পর্কে জানার জন্য সিলেক্ট করা হয়েছে। অন্যান্য বিদ্যালয় গুলোতে যাতে এ বিষয়ে জানতে পারে তাই প্রোগ্রাম এর ব্যবস্থা করা যায় কিনা দেখার জন্য অনুরোধ করেন। গজারিয়া বিদ্যুৎ সমস্যা বিষয়টি দেখার জন্য অনুরোধ করেন।</p>	<p>মহিলা ভাইস চেয়ারম্যান এর প্রস্তাব মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।</p>	
<p>(দ) জনাব জিয়াউল ইসলাম চৌধুরী, উপজেলা নির্বাহী অফিসার, সভায় বলেন যে, গজারিয়া উপজেলার ১৩ কিলোমিটার হাইওয়েতে প্রতিদিনই দুর্ঘটনার শিকার হয়ে বহুলোক মারা যায়, কেউ পঙ্গুত্ব বরণ করে। তাছাড়াও আর্থিক ক্ষতির সম্মুখীন হন। হাইওয়েতে সার্ভিস লেন না থাকায় উপজেলার মানুষ জীবনের ঝুঁকি নিয়ে রাস্তা পাড় হতে গিয়ে দুর্ঘটনার শিকার হন। এমতাবস্থায় ভবেরচর বাসস্ট্যান্ড, দড়ি বাউশিয়া বাসস্ট্যান্ড, এবং ভাটেরচর বাসস্ট্যান্ড এ জরুরী ভিত্তিতে ফুটওভার ব্রীজ এবং রাস্তা প্রশস্ত করে ইউটার্ন এর ব্যবস্থা করা প্রয়োজন। এছাড়াও মেঘনা ও গোমতি ব্রীজের নিচ দিয়ে সোনারগাঁও ও দাউদকান্দি অংশের মত ইউলুপ করে দিলে স্থানীয় ছোট যানবাহন নিরাপদে পাড় হতে পারবে। মাননীয় সংসদ সদস্য, উপজেলা পরিষদ চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানসহ আপামর জনসাধারণের দীর্ঘদিনের দাবির প্রেক্ষিতে এসব দ্রুত বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হলো। ইতোপূর্বে অনেক গণমাধ্যমে এ নিয়ে সংবাদ প্রচার হয়েছে। এছাড়াও অনেকবার মানববন্ধনসহ রাস্তা ব্লকেডের মতো ঘটনাও ঘটেছে। তাই এ বিষয়ে দ্রুত জরুরী ভিত্তিতে ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন। এছাড়া তিনি আরো বলেন যে, প্রত্যেকটি বিভাগের স্থায়ী কমিটির সভাগুলো যথাসময়ের মধ্যে সম্পন্ন করার জন্য স্ব স্ব বিভাগকে অনুরোধ করেন।</p>	<p>ভবেরচর বাসস্ট্যান্ড, দড়ি বাউশিয়া ও ভাটেরচর বাসস্ট্যান্ড এ জরুরী ভিত্তিতে ফুটওভার ব্রীজ নির্মাণ করতে হবে।</p> <p>মেঘনা ও গোমতি ব্রীজের নিচ দিয়ে সোনারগাঁও ও দাউদকান্দি অংশের মত ইউলুপ করে দিতে হবে। এবং সার্ভিস লেন করে দিতে হবে।</p>	<p>নির্বাহী প্রকৌশলী, সড়ক বিভাগ, মুন্সীগঞ্জ/ উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী</p>

	<p>সভাগুলোতে সংশ্লিষ্ট বিভাগের বাজেট পরিকল্পনা সম্পর্কে আলোচনা করার জন্য অনুরোধ করা হয়। প্রতিটি স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী ওয়েবসাইট এ দেওয়ার জন্য অনুরোধ করা হয়। তাছাড়া প্রতিটি ইউনিয়ন পরিষদ এ তাদের আয়ের উৎস হিসেবে ৩০ টি খাত রয়েছে। যার মধ্যে হোল্ডিং ট্যাক্স আদায়ের বিষয়ে জোর দেওয়ার জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের কে অনুরোধ করেন।</p>		
	<p>(ধ) জনাব আমিরুল ইসলাম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় বলেন যে, হোসেন্দী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান এর মৃত্যুতে শোক প্রকাশ করেন। তাকে যেন আল্লাহ জান্নাত দান করে সেই কামনা করেন। জাইকার প্রোগ্রামগুলো থেকে অনেক কিছু শিখার রয়েছে বলেও তিনি সভায় জানান। আগামী বাজেট গুলো যাতে সফল ভাবে সম্পন্ন করতে পারে সে জন্য সকলের সহযোগিতা কামনা করেন। মেঘনা সেতু নতুন করে নির্মাণ করার পূর্বে ভেততলা রাস্তাটি বন্ধ করে দিয়েছে জাপানীদের থাকার বাসস্থান করে দেওয়ার জন্য। তারা বলেছিল যখন কাজ শেষ হবে তখন রাস্তাটি খোলে দিবে বলে প্রতিশ্রুতি দিয়েছিল। কিন্তু তারা তাদের প্রতিশ্রুতি মোতাবেক কাজ করেনি। বিষয়টি দেখার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অনুরোধ করেন।</p>		
০৩	<p>আলোচ্যসূচী- ০৩ : হোসেন্দী ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানের মৃত্যুতে শোক প্রস্তাব নিয়ে আলোচনা : সদ্য নির্বাচিত হোসেন্দী ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান গত ০৪/০৬/২০২২ তারিখ এ রোড অ্যাক্সিডেন্ট এ আহত হয়ে চিকিৎসাধীন অবস্থায় মারা যান। তার মৃত্যুতে উপজেলা পরিষদের পক্ষ থেকে শোক প্রস্তাব জ্ঞাপন করা হয়। আল্লাহ যাতে তাকে বেহেশত বাসী করেন সেই কামনা করেন। এবং তার জন্য উপজেলা পরিষদের পক্ষ থেকে দোয়ার আয়োজন করা হয়।</p>		
০৪	<p>আলোচ্যসূচী-০৪ : ২০২২-২০২৩ অর্থ বৎসরের বাজেট সভা ও তারিখ নির্ধারণ নিয়ে আলোচনা : ২০২২-২০২৩ অর্থ বৎসরে বাজেট সভা ও তারিখ নির্ধারণ এর জন্য উপজেলা প্রকৌশলীকে বললে তিনি আগামী সোমবার এ বসে এ বিষয়ে তারিখ নির্ধারণসহ অন্যান্য বিষয়ে সিদ্ধান্ত নেওয়া হবে বলে সভাকে জানান।</p>		
০৫	<p>আলোচ্যসূচী-০৫ : ২০২১-২০২২ অর্থ বৎসরে প্রকল্প উন্নয়ন/রাজস্ব/এডিপি প্রকল্পের বিষয়ে আলোচনা : চেয়ারম্যান উপজেলা পরিষদ সভায় বলেন যে, ২০২১-২০২২ অর্থ বৎসরে প্রকল্প উন্নয়ন/রাজস্ব/এডিপি প্রকল্পের বিষয়ে উপজেলা প্রকৌশলী কে বলেন যে, উপরোক্ত প্রকল্পগুলো যে সকল প্রকল্প এখনও বাস্তবায়িত হয়নি তা দ্রুত সময়ের মধ্যে শেষ করার জন্য উপজেলা প্রকৌশলী কে অনুরোধ করা হয়।</p>		
০৬	<p>বিবিধ : ১। উপজেলা নির্বাহী অফিসার আরো জানান যে, উপজেলা রাজস্ব তহবিল গঠন ও ব্যবহার নির্দেশিকা ২০২০ এ উপজেলা পরিষদ ভবন ও বাসবাড়ি মেরামত/সংরক্ষণ/রংকরণ উপজেলা পরিষদের সিদ্ধান্তক্রমে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ১০ লক্ষ টাকা পর্যন্ত ব্যয় করা যাবে। সে হিসেবে উক্ত খাত হতে উপজেলা পরিষদের পুরাতন হলরুম রং করণ, উপজেলা</p>	<p>১। উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ১,৭৫,০০০/- টাকা ব্যয়ে উপজেলা পরিষদের পুরাতন হলরুম রং করণ, উপজেলা পরিষদের নতুন ভবনের বাথরুম মেরামত, সেপ্টিট্যাংক পরিষ্কার, পুরাতন ভবনের সেপ্টিট্যাংক</p>	<p>উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প্রকৌশলী/</p>

<p>পরিষদের নতুন ভবনের বাথরুম মেরামত, সেন্টিট্যাংক পরিষ্কার, পুরাতন ভবনের সেন্টিট্যাংক পরিষ্কার, ডরমেটরী ভবনের ইলেক্ট্রিক লাইন ও ফ্যান মেরামত ও গেজেটেড ও নন গেজেটেড কোয়াটারের পানির লাইন মেরামত বাবদ ১,৭৫,০০০/- টাকা খরচ করে বিল দাখিল করা হয়েছে। যা সভায় অনুমোদন পেলে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধ করা যেতে পারে।</p> <p>২। উপজেলা নির্বাহী অফিসার সভায় আরো বলেন যে, উপজেলা রাজস্ব তহবিল গঠন ও ব্যবহার নির্দেশিকা ২০২০ এ অফিস সরঞ্জামাদি রক্ষণাবেক্ষণ/মেরামত বাবদ প্রতি অর্থ বৎসরে ৫০,০০০/- টাকা খরচ করা যাবে। সে মোতাবেক উপজেলা পরিষদের কম্পিউটার, প্রিন্টার, ল্যাপটপসহ অন্যান্য সরঞ্জামাদি রক্ষণাবেক্ষণ বাবদ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ব্যয় করার প্রস্তাব করেন। সভাপতিসহ অন্যান্য সদস্যগণ উক্ত প্রস্তাব সমর্থন করেন।</p> <p>৩। উপজেলা নির্বাহী অফিসার সভায় বলেন যে, উপজেলা রাজস্ব তহবিল গঠন ও ব্যবহার নির্দেশিকা ২০২০ এ ক্লোজ সার্কিট ক্যামেরা ক্রয় বাবদ উপজেলা পরিষদের সিদ্ধান্তক্রমে প্রতি অর্থ বৎসরে ৩ লক্ষ টাকা খরচ করা যাবে। সে মোতাবেক উপজেলা পরিষদ এর ভিতরে ও আশেপাশের জন্য নতুন ক্লোজ সার্কিট ক্যামেরা স্থাপন করার জন্য ক্যামেরাসহ অন্যান্য সামগ্রী ক্রয় বাবদ ২,০০,০০০/- টাকা ব্যয় করা যেতে পারে বলে প্রস্তাব করেন। সভাপতিসহ অন্যান্য সদস্যগণ উক্ত প্রস্তাব সমর্থন করেন।</p> <p>৪। উপজেলা প্রকৌশলী সভায় বলেন যে, উপজেলা রাজস্ব তহবিল গঠন ও ব্যবহার নির্দেশিকা ২০২০ এ নতুন আসবাবপত্র ক্রয় বাবদ প্রতি বছর ৩,০০,০০০/- লক্ষ টাকা খরচ করা যাবে। সে মোতাবেক উপজেলা পরিষদের মিনি কনফারেন্স রুমে নতুন আসবাবপত্র ক্রয় বাবদ ২,০০,০০০/- টাকা খরচ করা যেতে পারে বলে প্রস্তাব করেন। সভাপতিসহ অন্যান্য সদস্যগণ উক্ত প্রস্তাব সমর্থন করেন।</p> <p>৫। উপজেলা নির্বাহী অফিসার সভায় আরো বলেন যে, উপজেলা রাজস্ব তহবিল গঠন ও ব্যবহার নির্দেশিকা ২০২০ এ বর্জ্য ব্যবস্থাপনা/পরিষ্কার পরিচ্ছন্নতা বাবদ প্রতি অর্থ বৎসরে ১,০০,০০০/- টাকা খরচ করা যাবে। সে মোতাবেক ফুলদী নদীর পূর্ব পাশে এবং ফুলদী নদীর পশ্চিম পাশে উপজেলা পরিষদের চারপার্শে এবং গেজেটেড ও নন গেজেটেড কোয়াটারের চারপার্শে বর্জ্য পরিষ্কার পরিচ্ছন্ন বাবদ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ১,০০,০০০/- টাকা ব্যয় করার প্রস্তাব করেন। সভাপতিসহ অন্যান্য সদস্যগণ উক্ত প্রস্তাব সমর্থন করেন।</p> <p>৬। উপজেলা নির্বাহী অফিসার সভায় বলেন যে, উপজেলা রাজস্ব তহবিল গঠন ও ব্যবহার নির্দেশিকা ২০২০ এ ক্লোজ সার্কিট</p>	<p>পরিষ্কার, ডরমেটরী ভবনের ইলেক্ট্রিক লাইন ও ফ্যান মেরামত ও গেজেটেড ও নন গেজেটেড কোয়াটারের পানির লাইন মেরামত বিলটি পরিশোধ করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।</p> <p>২। উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ৫০,০০০/- টাকা ব্যয়ে অফিস সরঞ্জামাদি রক্ষণাবেক্ষণ/মেরামত করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।</p> <p>৩। উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ২,০০,০০০/- টাকা ব্যয়ে উপজেলা পরিষদ এর ভিতরে ও আশপাশে নতুন ক্লোজ সার্কিট ক্যামেরা স্থাপনের জন্য ক্যামেরাসহ অন্যান্য সামগ্রী ক্রয় করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।</p> <p>৪। উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ২,০০,০০০/- টাকা ব্যয়ে উপজেলা পরিষদের মিনি কনফারেন্স রুমের নতুন আসবাবপত্র ক্রয় করার জন্য সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।</p> <p>৫। ফুলদী নদীর পূর্ব পাশে এবং ফুলদী নদীর পশ্চিম পাশে উপজেলা পরিষদের চারপার্শে এবং গেজেটেড ও নন গেজেটেড কোয়াটারের চারপার্শে বর্জ্য পরিষ্কার পরিচ্ছন্ন বাবদ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ১,০০,০০০/- টাকা ব্যয় করার জন্য সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।</p> <p>৬। উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ৫০,০০০/- টাকা ব্যয়ে উপজেলা</p>
---	---

<p>ক্যামেরা ক্রয় বাবদ উপজেলা পরিষদের সিদ্ধান্তক্রমে প্রতি অর্থ বৎসরে ৩ লক্ষ টাকা খরচ করা যাবে। সে মোতাবেক উপজেলা পরিষদ হতে যে সকল জায়গায় ক্যামেরা স্থাপন করা হয়েছিল তার মধ্যে অকেজো হয়ে যাওয়া ক্যামেরা মেরামত বাবদ ৫০,০০০/- টাকা ব্যয় করা যেতে পারে বলে প্রস্তাব করেন। সভাপতিসহ অন্যান্য সদস্যগণ উক্ত প্রস্তাব সমর্থন করেন।</p> <p>৭। উপজেলা নির্বাহী অফিসার সভায় বলেন যে, উপজেলা রাজস্ব তহবিল গঠন ও ব্যবহার নির্দেশিকা, ২০২০ এ অপ্রত্যাশিত খাতে ব্যয় বাবদ প্রতি অর্থ বছরে ৫,০০,০০০/- টাকা ব্যয় করার বিধান রয়েছে। সে মোতাবেক ২,০০,০০০/- টাকা ব্যয়ে ইমামপুর ইউনিয়নের কালীপুরা গ্রামের নদী ভাঙ্গন এলাকার মানুষের মাঝে জ্ঞান বিতরণ করা যেতে পারে। এছাড়া ১,৫০,০০০/- টাকা ব্যয়ে হোসেন্দী ইউনিয়নের ইসমানিরচর গ্রামের নদী ভাঙ্গন এলাকার মানুষের মাঝে জ্ঞান বিতরণ করা যেতে পারে। এবং ১,৫০,০০০/- টাকা ব্যয়ে গজারিয়া ইউনিয়নে নয়ানগর ও বালুরচর গ্রামের নদী ভাঙ্গন এলাকার মানুষের মাঝে জ্ঞান বিতরণ করা যেতে পারে। সভায় অনুমোদন পেলে নদী ভাঙ্গন এলাকায় উক্ত ৩ টি ইউনিয়নে মোট ৫,০০,০০০/- ব্যয় করা যেতে পারে বলে সভায় প্রস্তাব করেন।</p> <p>৮। উপজেলা প্রকৌশলী সভায় বলেন যে, উপজেলা রাজস্ব তহবিল গঠন ও ব্যবহার নির্দেশিকা, ২০২০ এ প্রকাশনা খাত হতে প্রতি অর্থ বছরে ১,০০,০০০/- টাকা ব্যয় করার বিধান রয়েছে। সে মোতাবেক উপজেলা পরিষদের ২০২২-২০২৩ অর্থ বছরে বার্ষিক পরিকল্পনা বই প্রস্তুত করণ বাবদ ১,০০,০০০/- টাকা খরচ করা যেতে পারে সভায় প্রস্তাব করেন।</p> <p>৯। উপজেলা প্রকৌশলী সভায় বলেন যে, উপজেলা রাজস্ব তহবিল গঠন ও ব্যবহার নির্দেশিকা, ২০২০ এ উপজেলা পরিষদ ভবন ও বাসাবাড়ি মেরামত/সংরক্ষণ/রংকরণ খাত হতে প্রতি অর্থ বছরে ১০ লক্ষ টাকা খরচ করার বিধান রয়েছে। সে মোতাবেক ২,০০,০০০/- টাকা ব্যয়ে উপজেলা পরিষদে গেজেটেড কোয়ার্টার রং করণ ও মেরামত করা যেতে পারে বলে সভায় প্রস্তাব করেন।</p> <p>১০। উপজেলা নির্বাহী অফিসার সভায় বলেন যে, উপজেলা রাজস্ব তহবিল গঠন ও ব্যবহার নির্দেশিকা ২০২০ এ নতুন আসবাবপত্র ক্রয় বাবদ প্রতি বছর ৩,০০,০০০/- লক্ষ টাকা খরচ করা যাবে। সে মোতাবেক উপজেলা পরিষদের স্টাফদের জন্য নতুন ০৩ টি টেবিল এবং ০২ টি চেয়ার ক্রয় বাবদ ১,০০,০০০/- টাকা খরচ করা যেতে পারে বলে প্রস্তাব করেন। সভাপতিসহ অন্যান্য সদস্যগণ উক্ত প্রস্তাব সমর্থন করেন।</p>	<p>পরিষদ হতে যে সকল জায়গায় ক্যামেরা স্থাপন করা হয়েছিল তার মধ্যে অকেজো হয়ে যাওয়া ক্যামেরা মেরামত করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।</p> <p>৭। ২,০০,০০০/- টাকা ব্যয়ে কালীপুরা গ্রামে নদী ভাঙ্গন এলাকায় জ্ঞান বিতরণ, ১,৫০,০০০/- টাকা ব্যয়ে ইসমানিরচর গ্রামে নদী ভাঙ্গন এলাকায় জ্ঞান বিতরণ এবং ১,৫০,০০০/- টাকা ব্যয়ে নয়ানগর ও বালুরচর গ্রামে নদী ভাঙ্গন এলাকায় জ্ঞান বিতরণ করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হলো।</p> <p>৮। ১,০০,০০০/- টাকা ব্যয়ে উপজেলা পরিষদের ২০২২-২০২৩ অর্থ বছরের বার্ষিক পরিকল্পনা বই প্রস্তুত করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হলো।</p> <p>৯। ২,০০,০০০/- টাকা ব্যয়ে উপজেলা পরিষদের গেজেটেড কোয়ার্টার রং করণ ও মেরামত করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হলো।</p> <p>১০। উপজেলা পরিষদের স্টাফদের জন্য ১,০০,০০০ টাকা ব্যয়ে ০৩ টি টেবিল এবং ০২ টি চেয়ার ক্রয় করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হলো।</p>
---	--

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সভায় উপস্থিত সকল কে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

